অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/6/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো 2020 স্টেট অব দ্য স্টেট-এর 29তম প্রস্তাব ঘোষণা করেছেন: 300 মিলিয়ন মার্কিন ডলার পরিকল্পনায় আইকনিক ইরি ক্যানাল পুনঃপরিকল্পনা করা হয়েছে

এই ক্যানেলের পুনঃসংস্কার হিসেবে আঞ্চলিক পর্যটন বৃদ্ধি, ক্যানাল সংলগ্ন কমিউনিটিগুলোতে বন্যা হ্রাস, আপস্টেট কৃষকদের জন্য সেচ সুবিধার উন্নতি, মাছ ধরার সুযোগ সম্প্রসারণ এবং জলাভূমি পুনরুদ্ধার করা অন্তর্ভুক্ত

165 মিলিয়ন মার্কিন ডলার ব্যয়ে প্রথম ফেজ এই বছর শুরু করার একটি পরিকল্পনা আছে

রিইমাজিন দ্য ক্যানেল টাস্ক ফোর্সের সুপারিশ

রেন্ডারিং পাওয়া যাবে এখানে

গভর্নর অ্যান্ড্রু এম কুওমো আজ তার 2020 স্টেট অব দ্য স্টেট-এর 29তম প্রস্তাবনাটি উন্মোচন করেছেন: একটি 300 মার্কিন মিলিয়ন ডলার পরিকল্পনা যেখানে ইরি ক্যানালকে পুনঃপরিকল্পনার মাধ্যমে পর্যটন বাড়াতে ক্যানেলের উপর বিনোদনমূলক কার্যক্রম প্রতিষ্ঠা করে, বন্যা প্রশমন করে, সেচ ও বিনোদনমূলক পরিবেশ বৃদ্ধি, মাছ ধরা এবং জলাভূমি পুনরুদ্ধার করার মতো কার্যক্রম সম্প্রসারণ করা যাবে। গভর্নর নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি বোর্ড (New York Power Authority Board)-কে জানুয়ারির বৈঠকে আগামী পাঁচ বছরের মধ্যে 300 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ অনুমোদন করতে সুপারিশ করছেন, এই বোর্ড এখন ক্যানেল কর্পোরেশনকে সহযোগী হিসেবে তত্ত্বাবধান করে।

"19 শতকে যখন ইরি ক্যানাল খনন করা হয় তখন তা স্টেট ও জাতিকে সমৃদ্ধির পথে নিয়ে যায় আর এই বছর আমরা আমাদের স্টেটের 21 শতকের প্রয়োজন মেটানোর জন্য ক্যানালটি পুনঃসংস্কার করব," **গভর্নর কুওমো বলেন।** "এই ঐতিহাসিক জলপথ রূপায়ণের এই সাহসী এবং দূরদর্শী পরিকল্পনা এম্পায়ার স্টেট ট্রায়ালের সফলতা, আপস্টেট নিউ ইয়র্ক জুড়ে পর্যটন সুবিধা বৃদ্ধি, বর্তমানের ক্যানাল সংলগ্ন কমিউনিটির স্থিতিস্থাপকতা উন্নত এবং জলপথের অর্থনৈতিক স্থায়িত্বগুলি নিশ্চিত করে ভালো একটা ভবিষ্যৎ গড়ে তুলবে।"

"একজন আপস্টেট নিউ ইয়র্কবাসী হিসেবে যারা ইরি ক্যানালের কাছে বাস করে এবং ক্যানাল সংলগ্ন কমিউনিটিতে নিয়মিত ভিজিট করে তাদের ক্ষেত্রে আমি জানি ক্যানাল পুনঃসংস্কার করার এই পরিকল্পনা কীভাবে এই অঞ্চলকে একটি প্রধান পর্যটন হাব তৈরি করার আরও সম্ভাবনা উদঘাটিত করতে পারে," **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "নিউ ইয়র্কের ইতিহাস ও প্রবৃদ্ধিতে এই ক্যানাল গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে এবং এই নতুন বিস্ময়কর প্রকল্পগুলো বাস্তবায়নের মাধ্যমে এই ক্যানেলটি গুরুত্বপূর্ণ শক্তি হিসেবে গড়ে উঠবে এবং এখানে যে 225 কমিউনিটি আছে তাদের এই প্রকল্প অঞ্চল জুড়ে ভ্রমণের মাধ্যমে অর্থনৈতিকভাবে ভালো থাকা ও জীবনযাত্রার মানের ক্ষেত্রে ইতিবাচক অবদান রাখবে।"

এই বছর একটি প্রথম পর্যায়ের অর্থায়ন শুরু হবে যার দুইটি অংশ থাকবে: একটি 100 মিলিয়ন মার্কিন ডলারের অর্থনৈতিক উন্নয়ন তহবিল যা ক্যানালের কাছাকাছি কমিউনিটির জন্য বিনিয়োগ করা হবে এবং অন্য 65 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ যা বরফ জ্যাম এবং এই সম্পর্কিত বন্যা প্রতিরোধে শিনেকটেডি এলাকাকে সাহায্য করবে।

পরিকল্পনার তহবিলের অবশিষ্ট 135 মিলিয়ন মার্কিন ডলার পরবর্তীকালে *রিইমাজিন টাস্ক ফোর্সে এর (Reimagine Task Force)* সুপারিশকৃত গবেষণার জন্য বরাদ্দ করা হবে, সেইসাথে বন্যা প্রশমন, আক্রমণাত্মক পোকামাকড় থেকে প্রতিরোধ এবং বাস্তুতন্ত্র পুনরুদ্ধার সম্পর্কিত সমাধানগুলি সম্পন্ন করা হবে।

ক্যানাল সংলগ্ন কমিউনিটির জন্য নতুন অর্থনৈতিক উন্নয়ন তহবিল

প্রোগ্রামের প্রথম পর্যায়ে, একটি 100 মিলিয়ন মার্কিন ডলারের অর্থনৈতিক উন্নয়ন তহবিল জল সংক্রান্ত বিনোদন বাড়াতে ক্যানালের অবকাঠামো পুনঃব্যবহার করে এমন প্রকল্প গ্রহণ করবে যা ক্যানালের নতুন বিনোদনমূলক উন্নতি গভর্নরের এম্পায়ার স্টেট ট্রায়ালের গতিপথ পরিবর্তন করে, ঐতিহাসিক ক্যানালের কাঠামো উদযাপন করে এবং ক্যানালসাইডে অনন্য আকর্ষণ এবং কার্যক্রম গড়ে তুলে। এর মধ্যে মোটামুটি 25 মিলিয়ন মার্কিন ডলারের প্রাথমিক প্রকল্পের একটি তহবিল অবিলম্বে বরাদ্দ করা হবে:

- ***সংযুক্ত কমিউনিটি:*** মনরোর কাউন্টির "ব্রোকপোর্ট লুপ" প্রকল্পটি ব্রোকপোর্টে স্টেট ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (SUNY) কলেজকে এম্পায়ার স্টেট ট্রেইল্যান্ডের সাথে সংযুক্ত করবে যা ব্রোকপোর্টের একটি গ্রাম আর এটি করা হবে এই এলাকায় একটি ক্যানাল গার্ড-গেট দিয়ে একটি পথচারী সেতু এবং ওভারলুক নির্মাণ করে যার জন্য রালফ উইলসন ফাউন্ডেশন (Ralph Wilson Foundation)-এর কাছ থেকে 2 মিলিয়ন মার্কিন ডলার অনুদান সহায়তা গ্রহণ করা হবে।
- ***"আইকনিক অবকাঠামো" উদযাপন:*** ইন্টারঅ্যাকটিভ,ক্যানাল "অস্থাবর বাঁধ"-এর হাইড্রো-চালিত আলোকসজ্জা - প্রাথমিকভাবে আমস্টারডাম ও ক্যানজোহারেই মোহাক রিভার উপত্যকা - এই ক্যানালে ঐতিহ্য এবং তার ইতিহাসকে ইঞ্জিনিয়ারিং উৎকর্ষ হিসেবে উদযাপন করবে।
- ***জলীয় বিনোদনের সম্প্রসারণ:*** সেনেকা জলপ্রপাতের কাছে সায়ুগা লেকের উত্তর প্রান্তেএকটি নতুন হোয়াইটওয়াটার ডেস্টিনেশন, এই অঞ্চলে প্রাকৃতিক-পর্যটন এবং

ক্রীড়া দর্শনার্থীদের বৃদ্ধির জন্য মন্টেজুমা জাতীয় বন্যপ্রাণী আশ্রয় সংলগ্ন একটি সক্রিয় ওয়াটার স্পোর্টস কোর্স নির্মাণের জন্য বিদ্যমান জল নিয়ন্ত্রণ অবকাঠামোর উপর নির্ভর করবে।

- ***নতুন ব্যবহারের জন্য শিল্প বিষয়ক সম্পত্তি খাপ খাওয়ানো:*** *রিইমাজিন ক্যানালস* প্রতিযোগিতার বিজয়ী, একটি ক্যানালসাইড পকেট এলাকা, সেন্ট্রাল নিউ ইয়র্কের ম্যাডিসন কাউন্টির দ্বারা তৈরি করা হবে, ওল্ড ইরি ক্যানাল বরাবর ক্যানস্টোটার একটি সাবেক শিল্প সম্পত্তিতে - 21 শতাব্দীর ক্যানালসাইড লিভিং-এর জন্য নতুন মডেল প্রদর্শন করে।
- ***গন্তব্য এলাকার আবাসনগুলোর উন্নয়ন:*** আমস্টারডামের মোহক রিভারের উপর ঐতিহাসিক গাই পার্ক মেনর (Guy Park Manor), একটি আপ্যায়ন এলাকা হিসেবে পুনর্জন্ম হবে এবং ইতিতোধ্যে বিদ্যমান ক্যানাল লক জুড়ে নির্মিত একটি পথচারী সেতু নদীর বিপরীত দিকে এম্পায়ার স্টেট ট্রায়াল বরাবর রাতের জন্য অতিরিক্ত বাসস্থান অ্যাক্সেস প্রদান করবে।

রেসিলিয়েন্সির উন্নতিকরণ ক্যানাল সংলগ্ন কমিউনিটিকে শক্তিশালী করে

মোহাক রিভার উপত্যকায় দীর্ঘ স্থায়ী গ্রীষ্ম এবং শীতকালীন বন্যা প্রশমিত করতে সাহায্য করার জন্য, প্রায় 65 মিলিয়ন মার্কিন ডলারের একটি বরাদ্দ বরফপাত এবং আন্ডারটেকিং ড্রেজিং এবং বরফ জ্যাম প্রতিরোধে মোহকের নির্দিষ্ট অংশে ভরাট করার জন্য ব্যবহার করা হবে, এর পাশাপাশি যেকোনো বরফ জ্যাম পর্যবেক্ষণ এবং সম্ভাব্য বন্যার বিষয়ে কমিউনিটিকে সুষ্ঠুভাবে সতর্ক করার জন্য আগাম সতর্কতা ব্যবস্থা গড়ে তোলা এবং ঐতিহাসিক স্টককাড ডিস্ট্রিক্টসহ শিনেকটেডির ও স্কোইটা এলাকা ঘিরে গ্রীষ্মকালীন বন্যা ও বরফ জ্যাম প্রশমিত করতে সাহায্য করার জন্য নিসকায়ানার নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির ভিচার ফেরি পাওয়ার বাঁধটি পুনঃনির্মাণ করবে। টাস্ক ফোর্সের সুপারিশে আরও গবেষণার জন্য বাড়তি পন্থা নির্ধারণ করা হবে, যাতে মোহাকের বন্যা জনিত দুর্যোগ কমানো যায় এবং খাল জুড়ে জলজ ইনভেসিভ প্রজাতির উত্থান মোকাবেলা করা যায়।

কৃষকদের জন্য উন্নত সেচ

এই পরিকল্পনার মধ্যে রয়েছে ওয়েস্টার্ন নিউ ইয়র্কে খরার রেসিলিয়েন্সি বাড়াতে একটি সেচ ডিস্ট্রিক্ট প্রতিষ্ঠা করা যাতে ঐ সব কাউন্টিগুলির কৃষকগণ গ্রীষ্মের মৌসুমে প্রয়োজনীয় মুহূর্তে পানির নির্ভরযোগ্য সুযোগ পায়। উচ্চ মূল্যের ফল ও সবজির উৎপাদন সম্প্রসারণের জন্য পানির নিশ্চিত প্রবেশাধিকার প্রয়োজন, বিশেষ করে যেসব এলাকায় আজ ক্যানালের পানি প্রবেশ করতে পারে না। কম বৃষ্টিপাতের সময় পানি পাওয়া নিশ্চিত করতে, "স্মার্ট ওয়াটার ম্যানেজমেন্ট সিস্টেম"-এর অংশ হিসেবে ক্যানাল বহির্গমন অবকাঠামো আধুনিক করা হবে যা আবহাওয়া পরিবর্তনের জন্য ভালো সাড়া দিতে পারে। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব এগ্রিকালচার অ্যান্ড মার্কেট (New York State Department of Agriculture and Markets) দ্বারা পরিচালিত একটি নতুন গ্রান্ট প্রোগ্রাম সেচ পরিকাঠামোয় অতিরিক্ত বেসরকারি বিনিয়োগ করবে।

বিশ্বমানের মাছ শিকার ও জলাভূমি পুনরুদ্ধার জলাভূমি

ওয়েস্টার্ন নিউ ইয়র্কে বিশ্বমানের মাছ শিকার ব্যবস্থা উন্নত করতে, নতুন পরিকল্পনায় মাছের বাসস্থান বাড়াতে ক্যানাল থেকে জল অপসারণ, মাছ শিকারের সুযোগ উন্নত করা, লেক অন্টারিও উপনদী থেকে শরতে মাছ ধরার মৌসুম বাড়ানোর সুপারিশ করা হয়েছে। এর মধ্যে রয়েছে অরলিন্স, মনরো এবং নায়াগ্রা কাউন্টিগুলোর মধ্যে মূল স্রোতের সাথে জনসাধারণের মাছ ধরার সুবিধা প্রসারিত করার জন্য অর্থায়ন। উপরন্তু, এটি একটি এমন প্রোগ্রামকে সনাক্ত করে যা সেন্ট্রাল নিউ ইয়র্কের জলাভূমি পুনঃস্থাপনের জন্য ক্যানালের জল ফিরিয়ে দিবে যা এক শতাব্দী আগে ক্যানালের নির্মাণ দ্বারা আপোস করা হয়। এর ফলে মন্টেজুমা জাতীয় বন্যপ্রাণী আশ্রয়ের কাছাকাছি এলাকায় প্রতি বছর 1 মিলিয়নের বেশি পাখির জন্য একটি অস্থায়ী আবাসের ব্যবস্থা করা যাবে যার ফলে এই অঞ্চলটি, প্রকৃতি প্রেমী, স্থানীয় ব্যক্তি এবং সারা অঞ্চল এবং এর বাইরে থেকে আসা দর্শনার্থীদের আরও আকৃষ্ট করতে উল্লেখযোগ্যভাবে উন্নত হবে।

রিইমাজিন দ্য ক্যানেল টাস্ক ফোর্স রিপোর্টে সুপারিশগুলো শেয়ার করেছে

এই পরিকল্পনার ধারণাগুলি *রিইমাজিন দ্য ক্যানেল টাস্ক ফোর্সের* প্রস্তাবনা থেকে উদ্ভূত। 2019 সালের মে মাসে গভর্নর কুওমো কর্তৃক চালু করা এই *রিইমাজিন দ্য ক্যানেল টাস্ক ফোর্স* ফোর্স 21 শতক ধরে 195 বছরের ইরি খাল কীভাবে পুনঃপরিকল্পিত হতে পারে তার একটি ব্যাপক তদন্ত করার জন্য আজ একটি সরকারি রিপোর্টে গভর্নরকে পূর্ণ ফলাফল প্রদান করেছে। টাস্ক ফোর্সকে সেট করা হয়েছে:

- নিউ ইয়র্কবাসীদের জীবনযাত্রার মান উন্নত করার লক্ষ্যে এরি ক্যানেলের সম্ভাবনাযুক্ত নতুন ব্যবহার সনাক্ত করা
- ক্যানেল করিডর সংলগ্ন অঞ্চলের অর্থনৈতিক বিকাশে এরি ক্যানেল কিভাবে সহায়তা করতে পারে এবং উন্নয়ন ত্বরান্বিত করতে পারে তা পর্যালোচনা করা
- ইরি ক্যানাল সংলগ্ন অঞ্চলে বিনোদন এবং পর্যটন উন্নয়নের নতুন সুযোগ খোঁজা
- ক্যানাল সংলগ্ন কমিউনিটিগুলির খাপ খাওয়ানোর ক্ষমতা এবং বাস্তুতন্ত্রের পুনরুদ্ধারের উন্নতি বিধান করতে ইরি ক্যানাল কীভাবে বন্যার প্রকোপ এবং বরফ জমে যাওয়ার সমস্যা সমাধান হ্রাস করতে সহায়তা করতে পারে তা পর্যালোচনা করা এবং
- ওয়েস্টার্ন নিউ ইয়র্কের কৃষি ক্ষেত্রগুলির জন্য জল সেচের সম্প্রসারণ করতে ইরি ক্যানালের পরিকাঠামো ব্যবহারের সুযোগগুলি সনাক্ত করা

টাস্ক ফোর্সের সভাপতিত্বে রয়েছেন জোনিই মাহনি, নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে অথরিটি চেয়ার এবং সাবেক ওয়ানডাগা কাউন্টির এক্সিকিউটিভ। মাহনি সেন্ট্রাল নিউ ইয়র্কে টাস্ক ফোর্সের কাজ তত্বাবধান করছেন। প্রাক্তন লেফটেন্যান্ট গভর্নর বব ডাফি, ওয়েস্টার্ন নিউ ইয়র্কে আঞ্চলিক সহ-সভাপতির দায়িত্ব পালন করবেন, যেখানে জোসেফ মার্টেনস, প্রাক্তন পরিবেশ সংরক্ষণ দপ্তরের (Department of Environmental Conservation) কমিশনার, মোহক ভ্যালির সহ-সভাপতির দায়িত্ব পালন করবেন।

অর্থনৈতিক উন্নয়ন এবং কর্ম সম্পাদনযোগ্য প্রস্তাবনা ছাড়াও, এই ফলাফল বিস্তারিত *রিইমাজিন দ্য ক্যানালস* টাস্ক ফোর্স রিপোর্টে যা আজ প্রকাশ করা হয়, এর মধ্যে আছে জলপথ বরাবর ঝড় রেসিলিয়েন্সি শক্তিশালী করার জন্য সমাধান, কৃষিজমির জন্য সেচে ব্যবস্থার উন্নতি, ওয়েস্টার্ন নিউ ইয়র্কে মাছ ধরার সুযোগ সম্প্রসারণ এবং সেন্ট্রাল নিউ ইয়র্কে জলাভূমি পুনরুদ্ধার।

টাস্ক ফোর্স এই জলপথ যেন ভবিষ্যতে বিনিয়োগের জন্য একটি নতুন দৃষ্টি সমর্থন করে এমন সুযোগ এবং সমাধান সনাক্ত করতে মিউনিসিপ্যাল নেতা, স্টেকহোল্ডার, স্থানীয় ব্যবসায়ের মালিক, বিজ্ঞানী এবং অন্যান্য বিশেষজ্ঞ ও কমিউনিটি সদস্যদের সাথে যুক্ত হচ্ছেন। গত বছর নিউ ইয়র্ক পাওয়ার অথোরিটি এবং নিউ ইয়র্ক স্টেট ক্যানাল কর্পোরেশনের উদ্যোগে অনুষ্ঠিত এই *রিইমাজিন দ্য ক্যানালস* প্রতিযোগিতা থেকে টাস্ক ফোর্স যে ধারণা পেয়েছে তার অনেকগুলিই এই রিপোর্টে এসেছে। SUNY-এর রকফেলার ইন্সটিটিউট অব গভার্নমেন্ট, টাস্ক ফোর্সের পক্ষ থেকে গ্রীষ্মের সময় পাঁচটি ক্যানাল সংলগ্ন কমিউনিটি-লকপোর্ট, ব্রোকপোর্ট, শিয়ানিসিদি, ইউটিকা এবং সাইরাইউজে বেশ কিছু আউটরিচ সেশন পরিচালনা করে - যা জনসাধারণের কাছ থেকে প্রাপ্ত চিন্তা ও ধারণা পেয়ে নতুন করে চিন্তা-ভাবনা করতে শুরু করে। একটি *রিইমাজিন ক্যানেল* ওয়েবসাইটের ধারণাও সেখান থেকে অনুমোদন করা হয়েছে যার ফলে এটি আরো দূরবর্তী ক্যানেল ব্যবহারকারীদের তাদের মতামত টাস্ক ফোর্সের কাছে প্রদানের সুযোগ করে দিচ্ছে।

সংস্কারের উদ্যোগটি গভর্নর কুওমোর ক্যানেল করিডরে বিনিয়োগ করতে ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ (Downtown Revitalization Initiative) এবং টেস্ট নিউ ইয়র্ক (Taste NY) সহ সফল উদ্যোগগুলির উপর ভিত্তি করে গঠিত, যা ক্যানাল সংলগ্ন কমিউনিটিগুলিতে নতুন শিল্প, ব্যবসা এবং আবাসন গড়ে উঠতে উৎসাহিত করেছে। আরও পর্যটন এবং বিনোদনকে আকৃষ্ট করতে ক্যানেলের পূর্ণ সম্ভাবনাকে ঢেলে সাজানো উদ্যোগটির মূল লক্ষ্য। গভর্নর কুওমো এবং স্টেটের সংস্থা ও কর্তৃপক্ষের কর্মচারীরা এম্পায়ার লাইন কমিউনিটির সাথে সহযোগিতা করবেন এবং তারা এগিয়ে যাওয়ার মতো প্রকল্পের সাফল্য নিশ্চিত করতে টাস্ক ফোর্সের সদস্য ও অন্যান্য স্টেকহোল্ডারদের সঙ্গে পরামর্শ করে চলবেন ।

ইরি ক্যানালের নদীপথ দিয়ে বছরে 1.6 মিলিয়ন বার যাতায়াত করা হয়, আগেকার দিনে ক্যানালে বজরা টেনে নিয়ে যাওয়ার জন্য খচ্চর এবং ঘোড়া দ্বারা ব্যবহৃত নৌকা টানার জন্য নদীতটস্থ পথ ব্যবহৃত হত। নদীপথটি গভর্নর কুওমোর এম্পায়ার স্টেট নদীপথ (Empire State Trail) এর অংশ, যা 2020 সালের শেষদিকে যখন সম্পূর্ন হয়ে যাবে তখন স্টেটের বিবিধ-ব্যবহারের নদীপথ নেটওয়ার্কের মধ্যে 750 মাইলের দীর্ঘতম নদীপথ হবে। গভর্নর ডেউইট ক্লিনটন 1817 সালের 4 জুলাই মূল ইরি ক্যানালের উপর কাজ শুরু করেন।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন